

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 31-01-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল সংসদে ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, শিক্ষা, সংস্কৃতি, খেলাধুলা ও শিল্প বাণিজ্য সহ সবক্ষেত্রে রাজ্যকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার।
- (৩) আগরতলা পুর নিগমের উদ্যোগে আগামী ৩ ফেব্রুয়ারি থেকে আগরতলা শহরে জবরদখলকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে উচ্চেদ অভিযান শুরু হবে।
- (৪) রঞ্জিট্রফির চারদিনের খেলায় গুজরাটের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিলো ত্রিপুরা।

Budget:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল সংসদে ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। উল্লেখ্য, গত ২৮ শে জানুয়ারী সংসদের উভয় কক্ষে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মুর ভাষণের মধ্য দিয়ে সংসদের বাজেট অধিবেশন শুরু হয়।

CM:

মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা, সংস্কৃতি, খেলাধুলা ও শিল্প বাণিজ্য সহ সবক্ষেত্রে রাজ্যকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার। আজ দক্ষিণ জেলায় ৫৮ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করে মুখ্যমন্ত্রী একথা বলেন প্রথমে বিলোনীয়া মহকুমার রাজনগর রাজনগর নীহারনগর দ্বাদশ স্কুল, ঘোষ খামার দ্বাদশ স্কুল, বিলোনীয়া ইংরেজী মাধ্যম দ্বাদশ স্কুলের নবনির্মিত পাকাবাড়িরও ভার্চুয়াল মাধ্যমে দ্বারোদঘাটন করেন তিনি। ঘোষ খামার দ্বাদশ স্কুলের মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রতিটি উন্নয়ন প্রকল্পের স্ববিধা প্রতিটি প্রান্তিক মানুষ কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার। রাজনগরের কর্মসূচি শেষে মুখ্যমন্ত্রী বিলোনিয়ায় ইন্ডোর ক্রিকেট অনুশীলন শেডের উদ্বোধন করেন। একই সঙ্গে তিনি জিরানীয়া ও কৈলাশহর ক্রিকেট অনুশীলন শেডের ভার্চুয়াল উদ্বোধন করেন। এই উপলক্ষে কৈলাশহরে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়।

বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে দক্ষিণ জেলা প্রশাসন আয়োজিত সাউথ ট্রিপুরা প্রিমিয়ার লীগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচেরও সূচনা করেন মুখ্যমন্ত্রী। বিলোনিয়ার বনকরে বিদ্যাসাগর মার্কেটেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তিনি। সমবায় মন্ত্রী শুল্কাচরন নোয়াতিয়া, বিধায়িকা স্বপ্না মজুমদার, বিধায়ক প্রমোদ রিয়াৎ, দীপৎকর সেন ও অশোক কুমার মিত্র, শিক্ষা দপ্তরের সচিব মিলিন্দ রামটেকে প্রমুখ কর্মসূচিগুলিতে উপস্থিত ছিলেন।

ST Welfare MINISTER:

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের শিক্ষার মান উন্নয়নে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। নোয়াতিয়া সম্প্রদায়ের সার্বিক বিকাশেও জনজাতি কল্যাণ দপ্তর বিশেষ গুরুত্ব দিচ্ছে। গর্জির পতাচড়া

মেলার মাঠে নোয়াতিয়া সম্প্রদায়ের দুই দিনব্যাপী গ্রতিহ্বাহী দশম রাজ্যভিত্তিক লম্পড়া উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। সমবায় মন্ত্রী শুল্ক চরণ নোয়াতিয়া বলেন, নোয়াতিয়া সম্প্রদায়ের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশের লক্ষ্যে এই উৎসবের আয়োজন করা হয়েছে। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেব রায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী দাস, নোয়াতিয়া হৃদা কমিটির চেয়ারম্যান জন কুমার নোয়াতিয়া সাধারণ সম্পাদক বিনয় লাল নোয়াতিয়া প্রমুখ।

AMC-Mayor:

আগরতলা পুর নিগমের উদ্যোগে আগামী ৩ ফেব্রুয়ারি থেকে আগরতলা শহরে জবরদস্তুকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে উচ্চেদ অভিযান শুরু হবে। আজ আগরতলায় মেঝের দীপক মজুমদার সাংবাদিক সম্মেলনে এখবর জানান। তবে আগরতলা হাওড়া মার্কেটে উচ্চেদ অভিযান শুরু হবে আগামী ৮ই ফেব্রুয়ারী থেকে।

তিনি বলেন, আগরতলা শহরে আগামী ২০ বছরের জনসংখ্যা বৃদ্ধির হারকে চিন্তা করে শহর সাজানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্য সরকার আগরতলা, ধর্মনগর ও উদয়পুর শহরকে স্যাটেলাইট শহরে রূপান্তরের উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, ভেন্ডিং জোন, পার্কিং জোন ছাড়া ব্যবসা করা ও গাড়ি রাখা হলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। যেসকল ভেন্ডারের আগরতলা পুর নিগমের বৈধ লাইসেন্স রয়েছে এবং যাদের ৬ ফুট বাই ৪ ফুট সচল ঠেলাগাড়ি রয়েছে তারা শহরে রাত ১১টা পর্যন্ত ব্যবসা করতে পারবেন। কভার ড্রেনের উপর যাতে গাড়ি না রাখা হয় তারজন্য আগরতলা পুর নিগম ট্রাফিক দপ্তর যৌথভাবে উদ্যোগ গ্রহণ করবে।

প্রকল্প অনুযায়ী শহরকে স্বচ্ছ ও সুন্দর রাখতে যে সকল ক্লাব ও সামাজিক সংস্থা
এগিয়ে আসবে তাদের ১ম পুরস্কার ৩ লক্ষ টাকা, ২য় পুরস্কার ২ লক্ষ টাকা, ৩য়
পুরস্কার ১ লক্ষ টাকা ও সান্তান পুরস্কার ৫০ হাজার টাকা দেওয়া হবে। তিনি
বলেন, রাজ্য সরকারের অনুমোদন ছাড়া কোথাও বিজ্ঞাপন লাগানো যাবেনা।

Job Fair:

জ্ঞানাল কেরিয়ার সার্ভিসের উদ্যোগে আজ আগরতলার অফিস লেনে জব
ফেয়ার অনুষ্ঠিত হয়। মোট ১৬৮টি পদের জন্য সাক্ষাৎকার নেওয়া হয়।
বহিঃরাজ্য সহ মোট ১৮টি সংস্থা এই জব ফেয়ারে অংশ নেয়।

Superannuation:

আকাশবাণী আগরতলা কেন্দ্রের অ্যাকাউন্টেন্ট নিলিতা দত্ত ও স্টেনোগ্রাফার
অজয় চক্রবর্তী এমাসে চাকুরি থেকে অবসর গ্রহণ করেছেন। শ্রীমতি দত্ত ১৯৯০
সালের ৮ই মার্চ আকাশবাণী আগরতলা কেন্দ্রে কাজে যোগদান করেন। তিনি
দূরদর্শন আগরতলা, আকাশবাণী বিলোনিয়া ও কৈলাশহর কেন্দ্রেও কাজ
করেছেন। শ্রী চক্রবর্তী ১৯৯৩ সালের চোঠা জানুয়ারি আকাশবাণীর বিলোনিয়া
কেন্দ্রে কাজে যোগ দেন। ২০০৫ সালের সেপ্টেম্বর মাসে তিনি আকাশবাণী
আগরতলা কেন্দ্রে বদলি হয়ে আসেন। তারা উভয়েই অত্যন্ত সুনামের সঙ্গে
তাদের কার্য্যকাল সম্পন্ন করেছেন। আকাশবাণীর সকল বিভাগের কর্মীদের
উদ্যোগে গতকাল তাদের বিদায় সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে আকাশবাণী
ও দূরদর্শনের দায়িত্বপ্রাপ্ত ADE জে বি চরকপল্লী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

CP Radhakrishnan:

‘লোকাল টু গ্লোবাল– আত্মনির্ভর ভারত’ এই বিষয়ের উপর ভিত্তি করে আজ থেকে সুরজকুণ্ডে ৩৯তম সুরাজকুণ্ড আন্তর্জাতিক স্বনির্ভর হস্তশিল্প মেলা ও উৎসব শুরু হয়েছে। উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন ১৬ দিনব্যাপী এই শিল্প মহোৎসবের উদ্বোধন করেন। এছাড়াও ছিলেন কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত এবং হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনি। মেলায় থিম রাজ্য হিসেবে উত্তর প্রদেশ এবং মেঘালয়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ও লোকশিল্প প্রদর্শন করা হয়েছে। এছাড়াও উৎসবে দেশি-বিদেশি তাঁতি ও কারিগরদের দ্বারা ১২০০টিরও বেশি মন্ত্রপ খোলা হয়েছে। চতুর্থবারের মতো মিশন অংশীদার দেশ হিসেবে অংশ নিয়েছে। উল্লেখ্য, আগামী মাসের ১৫ তারিখ পর্যন্ত চলবে এই মেলা।

Press meet of GMP:

ত্রিপুরা রাজ্য উপজাতি গণমুক্তি পরিষদ রাজ্যে আসন্ন এডিসি নির্বাচনে ২৮টি আসনেই প্রতিদ্বন্দ্বিতার সিদ্ধান্ত নিয়েছে। আজ আগরতলায় দশরথ দেব স্মৃতি ভবনে সাংবাদিক সম্মেলনে একথা জানান সংগঠনের সাধারণ সম্পাদক রাধাচরণ দেববর্মা। তিনি জানান, গত ২৯ জানুয়ারি গণমুক্তি পরিষদের ২৩তম কেন্দ্রীয় কমিটির সম্মেলনে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শ্রী দেববর্মা জানান, সংগঠনে ২৫ সদস্যের কার্যনির্বাহী কমিটিতে ৬ জন নতুন সদস্য অন্তর্ভুক্ত হয়েছেন। ১৩৭ সদস্যের কেন্দ্রীয় কমিটি পুনর্গঠন করা হয়েছে।

All Tripura Blind Committee Deputation :

অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আজ রাজ্যের দৃষ্টিহীন শিক্ষক শিক্ষিকাদেরদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে পাঁচ দফা দাবিতে শিক্ষা ভবনে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবীগুলির মধ্যে রয়েছে, নিয়োগ এবং প্রমোশনের ক্ষেত্রে বিশেষভাবে সক্রম ব্যক্তিদের ৪ শতাংশ সংরক্ষণ, দৃষ্টিহীন শিক্ষকদের কর্ম ক্ষেত্রে আরও দক্ষতা বৃদ্ধির জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা ইত্যাদি। অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মিঠুন সাহা এ খবর জানিয়েছেন।

VB G RAM G- Dhalai :

বিকশিত ভারত জি রাম জি আইন সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে আজ ধলাই জেলার কমলপুর সুরমা মণ্ডলের উদ্যোগে মরাছড়া কমিউনিটি হলে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিধায়ক স্বপ্না দাস পাল। তিনি বলেন এই আইন প্রতিটি গ্রামীণ পরিবারকে আগের ১০০ দিনের পরিবর্তে কমপক্ষে ১২৫ দিনের কর্মসংস্থান নিশ্চিত করবে।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় গুজরাটের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিলো ত্রিপুরা। এম বি বি স্টেডিয়ামে আজ তৃতীয় দিনে ৩ উইকেটে ২০৮ রান থেকে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৪২৭ রান করে। দলের পক্ষে বিজয় শঙ্কর অপরাজিত ১৫১ ও হানুমা বিহারী ৯০ রান করেন। ৭৫ রানে পিছিয়ে থেকে সফরকারী গুজরাট দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ৫৩ রান করে। এর আগে গুজরাট প্রথম ইনিংসে ৩৫২ রান করেছিল। আগামীকাল খেলার শেষ দিন।

Under - 15 Cricket Tournament:

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনুর্ধ্ব- ১৫ ক্রিকেট টুর্নামেন্ট বাইথোড়ার কসমোপলিটান ক্লাব এন্ড প্লে সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে। আজ বাইথোড়া মাঠে আসরের ফাইনাল ম্যাচে মুহূরীপুর জনকল্যান সমিতিকে ৫ উইকেটে পরাজিত করে কসমোপলিটান ক্লাব এন্ড প্লে সেন্টার।

Naidu Trophy:

কর্নেল সিকে নাইডু ট্রফি অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে দ্বিতীয় দিনে আজ বড় ক্ষেত্রে গড়েছে সফরকারী দিল্লি। নরসিংগরের পিটিএ মাঠে ২ উইকেটে ১১৫ রান থেকে খেলতে নেমে দিল্লি প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ৪৮৪ রান করে। দলের যুগল সাহানি অপরাজিত ১৩৯ ও ওপেনার অর্পিত রানা ১০০ রান করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৪৯ রান করেছিল।

Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
